



ফ্ল্যাট বরাদ্দের বিজ্ঞপ্তি

এতদ্বারা বাংলাদেশের সকল শ্রেণী পেশার মানুষের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের আওতাধীন জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের অন্তর্গত ঢাকা মহানগরসহ দেশের বিভিন্ন জেলায় অবস্থিত হাউজিং এস্টেট সমূহের বিভিন্ন ফ্ল্যাট প্রকল্পে ২য় বার প্রসপেক্টাস ও বিজ্ঞপ্তি প্রকাশ করার পরও বিভিন্ন কারণে অবরাদ্দকৃত বিভিন্ন প্রকল্পে বিভিন্ন আয়তনের সীমিত সংখ্যক ফ্ল্যাট বরাদ্দের নিমিত্ত এ সাথে সংযুক্ত আবেদনপত্রের নমুনা অনুযায়ী নিম্নবর্ণিত এলাকা/হাউজিং এস্টেট সমূহে ফ্ল্যাট বরাদ্দের জন্য দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্র: নং	হাউজিং এস্টেটের নাম ও আয়তন
০১	মিরপুর হাউজিং এস্টেট/এলাকা, মিরপুর, ঢাকা। (৮৭৮, ১৩৩৮, ১৩৩৬, ১৫০০, ১৫৪৫ বর্গফুট)
০২	মোহাম্মদপুর হাউজিং এস্টেট/এলাকা, মোহাম্মদপুর, ঢাকা। (১১৯০, ১৩৯০ বর্গফুট)
০৩	চট্টগ্রামস্থ ফিরোজশাহ/হালিশহর হাউজিং এস্টেট/এলাকা, চট্টগ্রাম। (৭৯২ বর্গফুট)
০৪	চট্টগ্রামস্থ হালিশহর হাউজিং এস্টেট/এলাকা, চট্টগ্রাম। (১৩৬৫ বর্গফুট)
০৫	কক্সবাজার কলাতলী এলাকা, কক্সবাজার। (৬৭০, ৯২০, ৯৪৪, ১০৩০, ১০২১.৫০ বর্গফুট)
০৬	যশোর হাউজিং এস্টেট/উপশহর এলাকা, যশোর। (১২২৪ বর্গফুট)

আবেদনের শর্তাবলী:

- ইতোমধ্যে (ক) জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ (খ) রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (গ) চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ (ঘ) খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ (ঙ) রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ (চ) কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষ হতে নিজ নামে/স্ত্রী/স্বামী/নির্ভরশীল পুত্র ও কন্যার নামে ফ্ল্যাট বরাদ্দ পেয়ে থাকলে তারা আবেদন করতে পারবেন না। একই ব্যক্তি একাধিক হাউজিং এস্টেটে/এলাকায় আবেদন করতে পারবেন, তবে একই হাউজিং এস্টেটে/এলাকায় একাধিক আবেদন করতে পারবেন না। কোন ব্যক্তি লটারীতে একাধিক হাউজিং এস্টেটে/এলাকায় ফ্ল্যাট বরাদ্দের জন্য বিজয়ী হলে যে কোন একটি ফ্ল্যাট বরাদ্দের সুযোগ পাবেন।
- বর্ণিত হাউজিং এস্টেট সমূহে/এলাকায় ফ্ল্যাট বরাদ্দের নিমিত্ত গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় এর ওয়েবসাইট (www.mohpw.gov.bd) এবং জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ এর ওয়েবসাইট (www.nha.gov.bd) হতে (বিনামূল্যে) আবেদনপত্র ডাউনলোড করে পূরণ পূর্বক ছবি ও ব্যাংক ড্রাফট/পে-অর্ডারসহ নির্ধারিত তারিখের মধ্যে কর্তৃপক্ষের নিম্নোক্ত দপ্তর সমূহে জমা দেয়া যাবেঃ
 - পরিচালক (ভূমি ও সম্পত্তি ব্যবস্থাপনা) (রুম নং-৩১২) জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সেগুনবাগিচা, ঢাকা।
 - নির্বাহী প্রকৌশলী, চট্টগ্রাম ডিভিশন, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, নাসিরাবাদ, চট্টগ্রাম।
 - নির্বাহী প্রকৌশলী, খুলনা ডিভিশন, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, খালিশপুর, খুলনা।
- ১৭/১১/২০২৪ খ্রিঃ তারিখ হতে ০৩/১২/২০২৪ খ্রিঃ তারিখ পর্যন্ত আবেদনপত্র গ্রহণ করা হবে।
- আবেদনপত্রের সাথে জামানত বাবদ ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার চেয়ারম্যান, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ বরাবর জমা প্রদান করতে হবে।
- ফ্ল্যাট বরাদ্দ পেলে আবেদনের সাথে জমাকৃত ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের অর্থ ১ম কিস্তির সাথে সমন্বয় এবং বরাদ্দ না পেলে ১০(দশ) কাযদিবসের মধ্যে ফেরৎ প্রদান করা হবে।
- লটারীর ফলাফলে যদি কেহ ফ্ল্যাট বরাদ্দের জন্য বিবেচিত হন, তাহলে এতদসংক্রান্ত বিষয়ে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের সকল বিধি-বিধান মেনে চলতে হবে এবং প্রয়োজনীয় সকল কাগজ দাখিল করতে হবে।
- আবেদনকারীকে লটারীর মাধ্যমে আবেদনপত্রে উল্লিখিত হাউজিং এস্টেট/এলাকা সমূহের অর্ন্তগত যে কোন প্রকল্পে যে কোন আয়তনের ফ্ল্যাট গ্রহণ করতে সম্মত থাকবে হবে।
- কমিটি যুক্তিসংগত কারণে বরাদ্দ প্রদান বা বাতিলের বিষয়ে সুপারিশ করতে পারবে।

০৪/১২/২০২৪

(মোঃ আহসান হাবিব)
পরিচালক (ভূমি ও সম্পত্তি ব্যবস্থাপনা)
জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ
সেগুনবাগিচা, ঢাকা।

ও

সদস্য সচিব

জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের আওতাধীন বিভিন্ন প্রকল্পের ২য় বার প্রসপেক্টাস ও বিজ্ঞপ্তি প্রকাশ করার পরও বিভিন্ন কারণে অবরাদ্দকৃত ফ্ল্যাট/দোকান/বাণিজ্যিক স্পেস বরাদ্দের নিমিত্ত গঠিত কমিটি।



আবেদনপত্রের ক্রমিক নম্বর		

জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের বিভিন্ন হাউজিং এস্টেটে ২য় বার
প্রসপেক্টাস ও বিজ্ঞপ্তি প্রকাশ করার পরও বিভিন্ন কারণে
অবরাদ্দকৃত ফ্ল্যাট বরাদ্দের জন্য আবেদনপত্র।

১(এক) কপি ছবি
সুদৃঢ়ভাবে আঠা দিয়ে
লাগাইতে হইবে।

অফিস কর্তৃক পূরণীয়

আবেদনপত্র

- ১। আবেদনকারীর নাম (স্পষ্ট অক্ষরে) বাংলায়:.....
ইংরেজিতে (ক্যাপিটাল লেটারে)
- ২। স্বামী/স্ত্রীর নাম:
- ৩। পিতার নাম: মাতার নাম:.....
- ৪। আবেদনকারীর জন্ম তারিখ:.....
- ৫। বর্তমান ঠিকানা :
-
- ৬। স্থায়ী ঠিকানা :
-
- ৭। জাতীয় পরিচয় পত্র নম্বর :
- ৮। মোবাইল নম্বর : ই-মেইল (যদি থাকে):.....
- ৯। পেশার বিবরণ :
- (ক) অফিস/সংস্থা/ব্যবসা প্রতিষ্ঠানের নাম:
- (খ) চাকুরীজীবী হইলে পদের নাম :..... বেতন স্কেল.....
বর্তমান প্রাপ্ত মূল বেতন :চাকুরীতে যোগদানের তারিখ :
- (গ) ব্যবসায়ী হইলে ব্যবসার ধরণ:(ঘ) অন্যান্য :.....
- ১০। টিআইএন নম্বর (প্রযোজ্য ক্ষেত্রে):
- ১১। (ক) চেয়ারম্যান, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ বরাবরে ২,০০,০০০ (দুই লক্ষ) টাকার জমাকৃত:
পে-অর্ডার/ব্যাংক ড্রাফট নং : ব্যাংকের নাম : শাখা :
- ১২। ফ্ল্যাট বরাদ্দের জন্য বিবেচিত না হইলে যে একাউন্টে টাকা ফেরত নিতে ইচ্ছুক :
- (ক) ব্যাংকের নাম:..... (খ) শাখা:.....
- (গ) একাউন্ট নম্বর:..... (ঘ) রাউটিং নম্বর:.....
- ১৩। কোন হাউজিং এস্টেট/এলাকায় ফ্ল্যাট নিতে ইচ্ছুক :

এই আবেদন পত্রের মাধ্যমে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ হতে ফ্ল্যাট বরাদ্দের জন্য বিবেচিত হইলে এতদসংক্রান্ত বিষয়ে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের সকল বিধি-বিধান ও প্রয়োজনীয় সকল কাগজ দাখিল করিতে বাধ্য থাকিব। অন্যথায় ফ্ল্যাট বরাদ্দের বিষয়টি জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ কর্তৃক বাতিল করিলে আমি ভবিষ্যতে কোন রকম ওজর আপত্তি করিব না মর্মে অঙ্গীকার করিলাম।

তারিখ : / / ২০২৪ খ্রিঃ।

মোঃ আব্দুল হাবিব
পরিচালক
(ভূমি ও সম্পত্তি ব্যবস্থাপনা)

(আবেদনকারীর স্বাক্ষর)